

জুম প্ল্যাটফর্মে তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ সংক্রান্ত
জেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : আব্দুল জলিল
জেলা প্রশাসক, রাজশাহী
স্থান : জেলা প্রশাসক, রাজশাহী এর সম্মেলন কক্ষ
তারিখ : ১৮ জুলাই ২০২১, সময় : বেলা ১২.৩০ ঘটিকা

জেলা প্রশাসক, রাজশাহী এবং তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ সংক্রান্ত জেলা কমিটির সভাপতি কর্তৃক সভার প্রথমে সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু হয়। অতঃপর জেলা প্রশাসকের অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রাজশাহী নিম্নোক্ত আলোচ্যসূচি সভায় উপস্থাপন করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ	জেলা ও উপজেলায় আয়োজিত বিভিন্ন সভা সমিতির মাধ্যমে তথ্য অধিকার আইন ২০০৯ এবং এ সংক্রান্ত বিধি বিধান সম্পর্কে জনসাধারণের মধ্যে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক প্রচারণা নিশ্চিত করতে সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে অনুরোধ জানান।	কমিটির সকল সদস্য
০২	তথ্য অধিকার ও তথ্য প্রকাশকারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান	সভাপতি সভাকে অবহিত করেন যে, তথ্য অধিকার আইনের নির্ধারিত ফরমেটে অথবা প্রয়োজনে সাদা কাগজে কোন ব্যক্তি তথ্য প্রাপ্তির জন্য আবেদন করলে নির্দিষ্ট সময়ের মধ্যে যেন তাকে তথ্য প্রদান করা হয় এবং তথ্য প্রদান সম্ভব না হলে যেন আবেদনকারীকে অবহিত করা হয়। এ বিষয়ে সজাগ থাকতে সকলকে অনুরোধ জানানো হয়। এছাড়াও কোন ব্যক্তি মৌখিকভাবে তথ্য জানতে এলে তাকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য অনুরোধ জানানো হয়।	কমিটির সকল সদস্য
০৩	জেলার আওতাধীন সকল কর্তৃপক্ষ কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ এবং তাদের অনলাইন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ	সভাপতি জেলার সমন্বয় সভার মাধ্যমে সকল পর্যায়ের কর্মকর্তাদেরকে তাদের নিজ নিজ দপ্তরে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ নিশ্চিত করতে এবং অনলাইনে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তরে তথ্য অধিকার আইন ২০০৯ এর আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদেরকে তথ্য কমিশনের ওয়েব সাইটে প্রবেশ করে “সরকারি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অনলাইন প্রশিক্ষণ” কার্যক্রম সম্পন্ন করতঃ প্রাপ্ত সার্টিফিকেট জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী এর dcrajshahi@mopa.gov.bd ই-মেইলে প্রেরণ করতে হবে। সার্টিফিকেট এর সাথে কর্মকর্তার নাম, পদবি, দপ্তরের নাম, ঠিকানাও প্রেরণ আবশ্যিক।	১. কমিটির সকল সদস্য ২. সকল উপজেলা নির্বাহী অফিসার, রাজশাহী
০৪	জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সংগে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়	সভাপতি জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের জন্য বিভিন্ন সরকারি বেসরকারি দপ্তরের মধ্যে সমন্বয় রেখে কাজ করার আহ্বান জানানো হয়।	জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তর
০৫	তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান	সভায় উপস্থিত সকল উপজেলা নির্বাহী অফিসারকে উপজেলা পর্যায়ে গঠিত তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির সভা নিয়মিত আহ্বানপূর্বক কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, সকল, রাজশাহী

ক্রমিক	আলোচ্য বিষয়	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০৬	তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়ন তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদান	তথ্য অধিকার সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি, তদন্তের আয়োজন ও এ আইন বাস্তবায়নে তথ্য কমিশনকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য সকল সদস্যকে অনুরোধ করা হলো। সভাপতি সভাকে অবহিত করেন, রাজশাহী জেলা প্রশাসনে আগত সকল আবেদনের তথ্য সঠিক সময়ে প্রদান করা হয়ে থাকে। কোন তথ্য প্রদান সম্ভব না হলে তা আবেদনকারীকে যথাসময়ে অবহিত করা হয় এবং সংশ্লিষ্ট কোন দপ্তর হতে পাওয়া সম্ভব তাও অবহিত করা হয়ে থাকে।	কমিটির সকল সদস্য
০৭	নারীর তথ্য অধিকার নিশ্চিতকল্পে জেলা পর্যায়ে যথাযথ কার্যক্রম গ্রহণ	তথ্য অধিকার নিশ্চিতকরণের লক্ষ্যে জেলা প্রশাসন, রাজশাহী সবসময় তৎপর রয়েছে। নারীরা যেন সহজে তথ্য পেতে পারে সেজন্য সেবাগ্রহীতাবান্ধব ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	কমিটির সকল সদস্য

সভায় আর কোন আলোচনা না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আব্দুল জলিল)
জেলা প্রশাসক, রাজশাহী
ও
সভাপতি

তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)
ও পরিবীক্ষণ সংক্রান্ত জেলা কমিটি
স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী
তথ্য প্রদানকারী কর্মকর্তা
www.rajshahi.gov.bd

নম্বর : ০৫.৪৩.৮১০০.০৩৪.০৪.০০১.২০.৮৩/১(৪০)

তারিখ : ৩১ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
২৭ জুলাই ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা), এফ-৪/এ, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা
৪. বিভাগীয় কমিশনার, রাজশাহী
৫. -----
ও সদস্য, তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটি
৬. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী (কার্যবিবরণীটি রাজশাহীর ওয়েব পোর্টালের তথ্য অধিকার কর্ণারে আপলোডের অনুরোধসহ)

২৬/০৭/২১
(মোহাম্মদ কাউছার হামিদ)
সহকারী কমিশনার

ও
সদস্য-সচিব
তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)
ও পরিবীক্ষণ সংক্রান্ত জেলা কমিটি